

## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭৩৭

88/ স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ ৪. নবী (ﷺ) এর স্বপ্ন

باب رُؤْيَا النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنْ هَمَّامِ بْنِ مُنْبِيِّ، قَالَ هَذَا مَا حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . فَذَكَرَ أَحَادِيثَ مِنْهَا وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " بَيْنَا أَنَا نَائِمٌ أُتِيتُ خَزَائِنَ الْأَرْضِ فَوَضَعَ فِي يَدَيَ أُسْوَارِيْنِ مِنْ ذَهَبٍ فَكَبَرَا عَلَىٰ وَأَهْمَانِي فَأُوْحِيَ إِلَيَّ أَنِ انْفُخْهُمَا فَنَفَخْتُهُمَا فَذَهَبَا فَأَوْلَتُهُمَا الْكَذَابِينِ اللَّذِينِ أَنَا بَيْنَهُمَا صَاحِبٌ صَنْعَاءَ وَصَاحِبُ الْيَمَامَةِ " .

বাংলা

৫৭৩৭। মুহাম্মাদ ইবনু রাফি (রহঃ) ... হাম্মাম ইবনু মুনাবিহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এ হল সে সব হাদিস যা আবু হুরায়রা (রাঃ) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আমাদের কাছে রিওয়ায়াত করেছেন। এ কথা বলে তিনি কয়েকখানি হাদিস উল্লেখ করেছেন। এ হল (সে সবের একখানি)। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেছেন, আমি ঘুমত ছিলাম, এমতাবস্থায় আমার কাছে পৃথিবীর ভাগুর সমূহ নিয়ে আসা হল। তখন আমার হাতে দুটি সোনার কংকন রেখে দেয়া হলে সে দুটি আমার জন্য বড় ভারী মনে হল এবং এগুলো আমাকে দুশ্চিন্তায় ফেলল। তখন আমার কাছে ওহীর মাধ্যমে জানান হল যে, আমি যেন সে দুটির উপরে ফুঁ দেই। তখন আমি ফুঁ দিলে সে দুটির অন্তর্হিত হয়ে গেল। আমি সে দুটির ব্যাখ্যা করলাম সে দুই মিথুক (ভঙ্গ নবী) যে দুজনের (অবস্থান কালের) মাঝে আমি রয়েছি (অর্থাৎ) সানতা অধিবাসী (আসওয়াদ আল আনসী) এবং ইয়ামামা অধিবাসী (মুসায়লামাতুল কায়যাব)।

English

Abu Huraira reported Allah's Messenger (ﷺ) as saying:

While I was sleeping, the treasures of the earth were presented to me and I was made to wear in my hands two gold bangles. I felt a sort of burden upon me and I was disturbed and it was suggested to me that I should blow over

them, so I blew and both of them disappeared. I interpreted them as two great liars who would appear at any time, one is the inhabitant of San`a' and the other is that of Yamama.

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু মুনাবিহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=15607>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন